


শিক্ষক পদে নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ

সহকারী অধ্যাপক

১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে
২. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে -
 - ক) বিজ্ঞান/ সামাজিক বিজ্ঞান/ বিজনেস স্টাডিজ/ আইন অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
 - খ) কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
৩. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪. এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে; যার মধ্যে First Author/ Corresponding Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে।

সহযোগী অধ্যাপক

১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।
২. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে -
 - ক) বিজ্ঞান/ সামাজিক বিজ্ঞান/ বিজনেস স্টাডিজ/ আইন অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
 - খ) কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৬. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/ Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর / Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে।


ড. মোহাঃ তৌহিদুল ইসলাম
রেজিস্ট্রার, মাভাবিপ্রবি।
ফোনঃ ০২৯৯৭৭৫৩০১